# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

২৮: মৃতকে ক্ববরস্থানে নিয়ে যাওয়ার সময় ‘তারবী’ (تربيع)–এর অর্থ কি? শরী‘আতে এর কোন ভিত্তি আছে কি?

মৃতকে ক্ববরস্থানে নিয়ে যাওয়ার সময় মৃত বহনের খাটলির চার দণ্ডকে চার বার ধরার নাম ‘তারবী’। এক্ষেত্রে প্রথমে মৃত ব্যক্তির ডান পাশের সামনের দণ্ড আগে ধরা হয়। অতঃপর ঐ একই পাশের পেছনের দণ্ড ধরা হয়। এরপর মৃত ব্যক্তির বাম পাশের সামনের দণ্ড, অতঃপর পেছনের দণ্ড ধরা হয়।

এমর্মে কতিপয় আছার বর্ণিত হয়েছে এবং আলেমগণ ইহাকে উত্তম গণ্য করেছেন। তবে ভিড়ের সময় নিজেকে এবং অন্যকে কষ্ট না দেওয়ার স্বার্থে এমনটি না করে সহজে যেভাবে বহন করা যায়, তা-ই করা উচিৎ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1685

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন